ক্রোড়পত্র ক
এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডস পত্র নং-৩৭৪/২/সদর/
তারিখ :   ফেব্রুয়ারি ২০২১

২০০৯-২০২০ সাল পর্যন্ত এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের সাফল্য ও অগ্রগতির তথ্য

১। **নিয়োগ সংক্রান্ত বিষয়াদি।**

বৎসর	সামরিক ও অসামরিক ভর্তিকৃত ব্যক্তির সংখ্যা	মোট জনবল
২০০৯	-	৮৩৫ জন
২০১০	১৫৪ জন	
২০১১	৬৭ জন	
২০১২	১২৮ জন	
২০১৩	৪৬ জন	
২০১৪	৬০ জন	
২০১৫	৬৫ জন	
২০১৬	৭৪ জন	
২০১৭	০১ জন	
২০১৮	১৭৮ জন	
২০১৯	৫৮ জন	
২০২০	০৪ জন	

২। **ভৌত অবকাঠামোগত উন্নয়ন :**

ক। গভীর নলকুপ স্থাপন। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের একমাত্র গভীর নলকুপটি নষ্ট হয়ে যাওয়ায় স্বপরিবারে বসবাসরত জেসিও/ওআরদের পানি সরবরাহের জন্য (২০০৯-২০১০) অর্থ বৎসরে ৪১,৯৮,৬০০.০০ (একচল্লিশ লক্ষ সাতানব্বই হাজার ছয়শত) টাকা ব্যয়ে একটি গভীর নলকুপ স্থাপন করা হয়েছে।

খ। মাল্টিপারপাস শেড নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের জেসিও/ওআরদের প্রশিক্ষণসহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও দরবার আয়োজন করার জন্য (২০০৯-২০১০ এবং ২০১১-২০১২) অর্থ বৎসরে ৫৯,২৪,০০০.০০ (উনষাট লক্ষ চব্বিশ হাজার) টাকা ব্যয়ে একটি মাল্টিপারপাস শেড নির্মাণ করা হয়েছে।

গ। প্যারেড গ্রাউন্ড নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের অধীনে পরিচালিত প্রশিক্ষণের জন্য কোন প্যারেড গ্রাউন্ড না থাকায় (২০১১-২০১২) অর্থ বৎসরে ১,২৫,০০,০০০.০০ (এক কোটি পঁচিশ লক্ষ) টাকা ব্যয়ে একটি প্যারেড গ্রাউন্ড নির্মাণ করা হয়েছে।

ঘ। গ্যালারী শেড নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের বিভিন্ন পদবীর জেসিও/ওআরদের প্রশিক্ষণ সম্পর্কিত ক্লাস পরিচালনা করার জন্য (২০১১-২০১২) অর্থ বৎসরে ১৩,১৯,০০০.০০ (তের লক্ষ উনিশ হাজার) টাকা ব্যয়ে একটি গ্যালারী শেড নির্মাণ করা হয়েছে।

ঙ। এসএম ব্যারাক নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের রিক্রুটদের প্রশিক্ষণ ছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের রিক্রুট ও প্রশিক্ষণার্থীদের জন্য ০৪ জন এনসিও ও ৮০ জন সৈনিকের জন্য আসবাবপত্র আনুষঙ্গিক কাজ এবং নীচতলায় ষ্টোরের সুবিধাসহ (২০১৩-২০১৪ এবং ২০১৫-২০১৬) অর্থ বৎসরে ৩,০০,০০.০০০.০০ (তিন কোটি) টাকা ব্যয়ে একটি এসএম ব্যারাক নির্মাণ করা হয়েছে।

F/Abr Digital 374/2/HQ-1

চ। রান্নাঘর/খাবার ঘর ও চিত্তবিনোদন কক্ষ নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের রিক্রুটদের প্রশিক্ষণ ছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের রিক্রুট ও প্রশিক্ষণার্থীদের জন্য ০৪ জন এনসিও ও ৮০ জন সৈনিকের জন্য আসবাবপত্র আনুষঙ্গিক কাজ এবং নীচতলায় ষ্টোরের সুবিধাসহ একটি (৬ তলা ভিতসহ ৩ তলা) এসএম ব্যারাকের রান্নাঘর, খাবার ঘর ও চিত্তবিনোদন কক্ষ (২০১৩-২০১৪) অর্থ বৎসরে ১,৩১,৩৩.০০০.০০ (এক কোটি একত্রিশ লক্ষ তেত্রিশ হাজার) টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে।

ছ। আরসিসি রাস্তা নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের মেইন গেইট হতে সৈনিক লাইন পর্যন্ত আরসিসি রাস্তা (২০১৫-২০১৬) অর্থ বৎসরে ৯৬,৮৭.০০০.০০ (ছিয়ানব্বই লক্ষ সাতাশি হাজার) টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে।

জ। ওআর'স পারিবারিক বাসস্থান নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের জন্য ১Ƌ১০ বিবাহিত ওআর'স পারিবারিক বাসস্থান (৫ তলার ভিতসহ ৫ তলা) নির্মাণ প্রকল্পটি (২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮) অর্থ বৎসরে ৩,০০,৪৫,৫০০.০০ (তিন কোটি পঁয়তাল্লিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে।

ঝ। জেসিও'স পারিবারিক বাসস্থান নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের জন্য ১Ƌ৬ বিবাহিত জেসিও'স পারিবারিক বাসস্থান (৫ তলার ভিতসহ ৩ তলা) (২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮) অর্থ বৎসরে ২,২২,৯৫,৫০০.০০ (দুই কোটি বাইশ লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে।

ঞ। ১৫ তলা ওআর'স পারিবারিক বাসস্থান নির্মাণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের জন্য (২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০) অর্থ বছর ৭,৪৭,৬০,০০০.০০ (সাত কোটি সাতচল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা ব্যয়ে আসবাবপত্র ও আনুষঙ্গিক কাজসহ ১Ƌ২০, বিবাহিত ওআর'স বাসস্থান (১৫ তলার ভিতসহ ৬ তলা, প্রতি তলায় ৪টি ফ্ল্যাট নীচ তলায় অন্যান্য সুবিধাসহ) নির্মাণ প্রকল্পটির কাজ চলমান রয়েছে।

ট। কম্পোজিট এসএম ব্যারাক নির্মাণ। এমওডিসি সেন্টারে প্রশিক্ষণে আগত শিক্ষার্থীদের প্রশিক্ষণ ক্লাস, বাসস্থান, চিত্তবিনোদন কক্ষ ও আহার কক্ষ সম্বলিত (২০১৯-২০২০) র্অথ বৎসরে ৩,৫০,০০,০০০.০০ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ব্যয়ে আনুষঙ্গিক কাজ ও আসবাবপত্রসহ ০৮ তলার ভিতসহ ০৮ তলা নির্মাণ (১ম পর্যায়) কাজ চলমান রয়েছে।

ঠ। নবায়ন/পরিবর্তন/পরিবর্ধনকরণ। রাজেন্দ্রপুর সেনানিবাসে এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের ২০১৯-২০২০ অর্থ বৎসরে অস্বাভাবিক মেরামত কাজের আওতায় বিদ্যমান ইমারত নং-১০ (জেসিও'স কোয়ার্টার) এর ৩০,০০,০০০.০০ (ত্রিশ লক্ষ) টাকা ব্যয়ে নবায়ন/পরিবর্তন/পরিবর্ধনকরণ কাজ বিদ্যমান ইমারত নং-০২ (এসএম ব্যারাক) এর ৯০,০০,০০০.০০ (নব্বই লক্ষ) টাকা ব্যয়ে নবায়ন/পরিবর্তন/পরিবর্ধনকরণের কাজ এবং বিদ্যমান ইমারত নং-৬৩ এসএম ব্যারাক (৬ তলা ভিত বিশিষ্ট) এর ৪,১৪,৬৫,০০০.০০ (চার কোটি চৌদ্দ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা ব্যয়ে ৩য় তলার উপরে আনুষঙ্গিক কাজ ও আসবাবপত্রসহ ৪র্থ, ৫ম এবং ৬ষ্ঠ তলার উর্ধ্বমূখী সম্প্রসারণের কাজ চলমান রয়েছে।

৩। সাংগঠনিক কাঠামো বৃদ্ধি। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের অধীনে ২০০৯-২০২০ মেয়াদে শূন্য পদে সামরিক ও অসামরিকসহ সর্বমোট ৮৩৫ জন জনবল এমওডিসির সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভূক্ত করা হয়েছে।

৪। আধুনিকীকরণ ও তথ্য প্রযুক্তিগত উন্নয়ন।

ক। ডিজিটাল পদ্ধতিতে বেতন পরিশোধ। গত মার্চ ২০১৩ মাস থেকে এমওডিসি'র জেসিও/ওআর এবং অসামরিক কর্মচারীদের বেতন ও ভাতা ডিজিটাল পদ্ধতিতে ট্রাষ্ট ব্যাংক এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। বর্তমানে রইঅঝ++ এর মাধ্যমে ডিজিটাল পদ্ধতি প্রবর্তনের ফলে সকলে তাদের প্রতি মাসের বেতন ও ভাতা নিজ নিজ একাউন্টে জমা করার সুবিধা ভোগ করছে।

খ। পোশাক পরিবর্তন। এমওডিসি'র জেসিও/ওআরদের গত ০৮ মে ২০১২ তারিখ হতে খাকী পোশাকের পরিবর্তে অন্য রং/ডিজাইনের কম্ব্যাট পোশাক সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে।

গ। ওয়েব সাইট চালু করণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের অধীনে ২০২০ সাল হতে নিজস্ব ওয়েব সাইট চালু করা হয়েছে। বর্তমানে এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডস কর্তৃক সকল প্রকার নিয়োগ এবং ক্রয় প্রক্রিয়া উক্ত ওয়েব সাইটের মাধ্যমে প্রকাশ করা হয়।

ঘ। সোলার প্যানেল স্থাপন। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের অধীনে গত ১৮ জানুয়ারি ২০২০ তারিখে ৬,৪৯,৫০০.০০ টাকা ব্যয়ে জে-১০,০০০ ওয়াট ক্ষমতা সম্পন্ন একটি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। উক্ত সোলার প্যানেলে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে যুক্ত হয়ে দেশের বিদ্যুৎ চাহিদা পূরণে অগ্রণী ভূমিকা পালন করছে।

ঙ। এমওডিসি'র জন্য বাংলায় স্বতন্ত্র রেগুলেশন্স প্রণয়ন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে এমওডিসি'র জন্য বাংলায় স্বতন্ত্র একটি রেগুলেশন্স এর কাজ চলমান রয়েছে।

চ। রেকর্ডস ডাটা অটোমেশন চালু করণ। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডসের জেসিও/ওআর এবং অসামরিক ব্যক্তিবর্গের চাকুরি সংক্রান্ত সকল প্রকার তথ্যাবলী সংরক্ষণ করার জন্য নিজস্ব রেকর্ডস অটোমেশন চালু করা হয়েছে।

ছ। ই-রিক্রুটিং। এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডস এর বিভিন্ন নিয়োগ প্রক্রিয়া সঠিক ও সচ্ছতার সাথে অনলাইন এর মাধ্যমে যাচাই বাছাই করে সম্পাদনের লক্ষ্যে ই-রিক্রুটিং কার্যক্রম করা হচ্ছে।